

পর্বঃ৯

খুব ভালো লাগছে এখানে,খুব সুন্দর তোমার এই নারায়নগঞ্জ শহর।রোজ কুটকাওয়াজ করি,এই দেখ আমার বডি,একদম ফিট যুদ্ধের জন্য।’

পল্লবী দেখল,হাতে ছাতা যদিও বৃষ্টিতে সার্ট ভিজে গেছে।ভেজা সার্টের ভেতর দিয়ে দেখা যাচ্ছে ওঁর বলিষ্ট বাহু,চওড়া বুক।

‘আপনাকে যুদ্ধে যেতে হবে?’

‘অফকোর্স।জীবনটাই তো একটা যুদ্ধ।কখনও দুশমন আগে কখনও পিছে,ডোন্ট বিনার্ভাস,এগিয়ে যেতে হবে,লড়াই করে যেতে হবে,দুশমনের গুলি লাগলো তো সব খতম।নো প্রবলেম,সবাই বলবে দেশের জন্য প্রাণ দিলাম।’

আচ্ছা তোমার কলেজ এসে গেছে,বায়,আবার দেখা হবে।

পল্লবী দাঁড়িয়ে রইল কিছুক্ষণ।ঝড়ের বেগে এন্ড্রি,তুফানের মতো সব এলোমেলো করে দিয়ে চলে গেল । ওর আবেগপ্রবণ জীবনে একটি শেল ফাটলো ভীষন গর্জন করে।সে ক্ষত বিক্ষত হয়ে ধরাশায়ী হয়ে যাচ্ছে। পেছন থেকে এসে অলকা ওকে একটা ঝাকুনি দিয়ে বলল,কে রে এই ছেলোট তোর সংগে কথা বলছিল?

‘জানিনা,আজই দেখলাম,বলল ও নাকি ফৌজী। অলকা ওর বান্ধবী,তবু সব কথা ওকে বলল না।

অলকাকে না বলে অনেকটা ফাঁকি দিয়ে চলে পল্লবী।কখন যে সে কমলাক্ষকে মন দেয়,সে নিজেই যেন জানেনা।